তারিখ 14 JUL 2017
পৃষ্ঠা ২ কলাম ৮

প্রথম আলো

# নৈতিক মূল্যবোধসম্পন্ন শিক্ষক চান শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, তাঁরা এখন গুণমানসম্মত শিক্ষার পাশাপাশি সৎ ও দেশপ্রেমে উজ্জীবিত ভালো মানুষ চান। এ জন্য নৈতিক মূল্যবোধসম্পন্ন ও নিবেদিতপ্রাণ শিক্ষক প্রয়োজন। গতকাল রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে স্নাতক (পাস) ও সমমানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী অনলাইনের মাধ্যমে উপবৃত্তির ১৩৮ কোটি ৩৫ হাজার ৮৬০ টাকা বিতরণ করেন। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মো. নূরুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা দেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এস এম ওয়াহিদুজ্জামান, ডাচ্-বাংলা ব্যাংকের চেয়ারম্যান সায়েম আহমেদ প্রমুখ।

● নিজস্ব প্রতিবেদক